

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 09.12.2024

Time: 7-50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১/ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হিংসার ঘটনার অভিযোগের তীব্র নিন্দা করেছেন।

সেদেশের বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে বেশ কিছু গণমাধ্যমে ভুলো তথ্য ও ভিডিও ছড়িয়ে পড়েছে বলেও তাঁর অভিযোগ।

এদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, এই অভিযোগ খন্ডন করেছেন।

২/ ‘জল জীবন মিশন’ প্রকল্পে রাজ্যের ৯০ লক্ষ বাড়িতে জল পৌঁছেছে কিনা, তা’ খতিয়ে দেখতে সরকার একটি নিরপেক্ষ সংস্থাকে দিয়ে সমীক্ষা করানোর সিদ্ধান্ত নিয়েছে।

৩/ পুর এলাকায় সম্পত্তি কর নির্ধারণ ও আদায়ের ক্ষেত্রে স্বচ্ছতা আনতে রাজ্য বিধানসভায় আজ পুর নিগম আইনের দু’টি সংশোধনী গৃহীত হয়েছে।

৪/ পাহাড়ের তিন পুরসভায় খুব শীঘ্রই নির্বাচন হবে বলে বিধানসভায় আজ জানিয়েছে রাজ্য সরকার।

৫/ পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের তৃণমূল কংগ্রেস কর্মী খুনের অভিযোগে পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে।

৬/ বাংলা, কোচবিহার ট্রফি ও সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হিংসার ঘটনার তীব্র নিন্দা করেছেন।

রাজ্য বিধানসভায় আজ এক বিবৃতিতে তিনি বলেন, কোনো সম্প্রদায় নয়, দাঙ্গা করে সমাজ বিরোধীরা। রাজ্যে হিন্দু-মুসলমান দুই সম্প্রদায়ের মানুষ যেভাবে একই সুরে প্রতিবাদে সরব হয়েছেন, সেজন্য তাঁদের কৃতজ্ঞতা জানান মুখ্যমন্ত্রী। বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির ফলে রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি ও সৌভ্রাতৃত্ব রক্ষার আবেদন জানিয়ে তিনি অভিযোগ করেন, বেশ কিছু গণমাধ্যমে এ'সংক্রান্ত ভুল তথ্য এবং ভিডিও ছড়িয়ে পড়ছে।

(বাইট- মমতা)

বাংলাদেশ থেকে আসা নাগরিকদের ক্ষেত্রে তিনি কেন্দ্রের নীতি অনুসরণ করবেন বলে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, মুখ্যমন্ত্রীর অপপ্রচারের অভিযোগ খণ্ডন করেছেন। বিধানসভার বাইরে তিনি আজ সাংবাদিকদের বলেন, কোনো ভুল তথ্য বা ভিডিও প্রচার করা হয়নি। বাংলাদেশের ঘটনা নিয়ে যেভাবে জনরোষ তৈরী হয়েছে, তাতে মুখরক্ষা করতেই মুখ্যমন্ত্রীর এই বিবৃতি বলে তাঁর পাল্টা দাবী।

(বাইট- শুভেন্দু)

বঙ্গীয় জাগরণ মঞ্চ আগামীকাল বসিরহাটে অবরোধ কর্মসূচী পালন করবে এবং তিনি সেখানে উপস্থিত থাকবেন বলে বিরোধী দলনেতা জানিয়েছেন।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর হিংসা এবং সাংস্কৃতিক, ধর্মীয় স্থান ও কূটনৈতিক সম্পত্তির ওপর হামলার ঘটনায় 'বাংলাদেশ সরকার ইতিবাচক পদক্ষেপ নেবে' বলে ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রী আশা প্রকাশ করেছেন। তিনি আজ বাংলাদেশের বিদেশ সচিব জসিম উদ্দিনের সঙ্গে ঢাকার রাষ্ট্রীয় অতিথি ভবন- 'পদ্মা'য় এক বৈঠক করেন। পরে এক সাংবাদিক সম্মেলনে বিদেশ সচিব বলেন, দুই দেশের

ইতিবাচক, গঠনমূলক ও পারস্পরিক সোহাদ্যের ওপর ভিত্তি করে দ্বিপাক্ষিক সম্পর্কে ভারত গুরুত্ব দেয়।

এদিকে, ইস্কন কলকাতার সহ-সভাপতি রাধারমন দাস, ভারত বাংলাদেশের কূটনৈতিক পর্যায়ে ওই বৈঠকের জন্য বিদেশ সচিবকে ধন্যবাদ জানান। কলকাতায় আজ তিনি সাংবাদিকদের বলেন, বাংলাদেশ কি ঘটছে তা সকলেই দেখছেন। সেদেশে সংখ্যালঘুদের উপর আক্রমণের ঘটনায় বাংলাদেশ সরকার যাতে দ্রুত ব্যবস্থা নেয়, সেই আর্জিও জানান তিনি।

(বাইট- রাধারমন)

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী'ও বাংলাদেশে কূটনৈতিক পর্যায়ে ওই বৈঠককে সাধুবাদ জানিয়েছেন। সেদেশের সঙ্গে এই ধরনের বৈঠকের ফলে দুদেশের মধ্যের সম্পর্ক স্বাভাবিক হলে, তা' উভয়ের ক্ষেত্রেই মঙ্গল বলে তিনি মন্তব্য করেন।

(বাইট- অধীর)

প্রতিবেশী বাংলাদেশের উদ্ভূত পরিস্থিতি এবং ভারতের প্রতি অবমাননাকর মন্তব্যের প্রেক্ষিতে দার্জিলিং-এর হোটেল ব্যবসায়ী সংগঠন সেখানে কোন বাংলাদেশী পর্যটককে জায়গা না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

‘গ্রেটার শিলিগুড়ি হোটেলিয়ার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনে’র তরফে এই নিয়ে ভোটাভুটি হওয়ার পরে ৯০ শতাংশ ভোট বাংলাদেশী পর্যটকদের বিরুদ্ধে গেছে বলে জানানো হয়েছে।

উল্লেখ্য, দার্জিলিং-এ প্রতি বছর গড়ে প্রায় কুড়ি হাজার পর্যটক বাংলাদেশ থেকে আসেন।

রাজ্যপাল সিভি আনন্দ বোসের আমন্ত্রণে সাড়া দিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সন্ধ্যায় রাজভবনে গিয়ে তার সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন। বেশ কিছুক্ষণ তাদের

মধ্যে কথা হয়। তবে কি বিষয়ে কথা হয়েছে তা নিয়ে সরকারিভাবে কিছু না জানান হলেও মন্ত্রিসভার রদবদল সংক্রান্ত বিষয়ে তাদের মধ্যে কথা হতে পারে বলে মনে করা হচ্ছে।

‘জল জীবন মিশন’ প্রকল্পে রাজ্যের ৯০ লক্ষ বাড়িতে জল পৌঁছেছে কিনা তা খতিয়ে দেখতে রাজ্য সরকার একটি নিরপেক্ষ সংস্থাকে দিয়ে সমীক্ষা করানোর সিদ্ধান্ত নিয়েছে।

এই প্রকল্পের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বিধানসভায় প্রতিটি জেলার জেলা শাসক, জেলা পুলিশ সুপার বিভিন্ন দপ্তরের মন্ত্রী, আধিকারিকদের সঙ্গে বৈঠকে এই সিদ্ধান্তের কথা জানান। সমীক্ষার কাজের উপরে পুলিশ নজরদারি করবে বলেও তিনি জানিয়েছেন। পাশাপাশি এই প্রকল্পে প্রতিটি বাড়িতে দ্রুত পরিশ্রুত পানীয় জল পৌঁছে দিতে বিভিন্ন দপ্তরের মধ্যে আরও সমন্বয়ের উপরে জোর দেন। বিভিন্ন জায়গায় রাস্তা তৈরির সময় ঠিকাদাররা জলের পাইপ ভেঙে দিচ্ছে বলে তিনি অভিযোগ করেন। এই ক্ষেত্রে ওই ঠিকাদারকে জলের পাইপ সারিয়ে দেওয়ার দায়িত্ব নিতে হবে বলে মুখ্যমন্ত্রী জানান। প্রকল্পের কাজের সময় জনস্বাস্থ্য কারিগরি, পঞ্চগায়েত, পূর্ত, সুন্দরবন উন্নয়ন, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের সঙ্গে প্রতিটি জেলা পরিষদকে সমন্বয়ের উপর জোর দেন তিনি। এই প্রকল্পে কোন দপ্তরের কাজে অবহেলা ধরা পড়লে তার আধিকারিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী হুঁশিয়ারি দিয়েছেন।

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং-এর দীঘিরপাড় গ্রাম পঞ্চগায়েতের উত্তর অঙ্গদবেড়িয়া এলাকায় বেআইনি পাম্প সেট লাগিয়ে যথেষ্ট জল অপচয়ের অভিযোগ উঠেছে। জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের পক্ষ থেকে এই জল অপচয়ের অভিযোগে আজ দুপুরে একাধিক মোটর ও পাম্প সেট খুলে নেওয়া হয়। এই ঘটনায় এলাকায় তুমুল উত্তেজনা ছড়ায়।

রাজ্যে পুর এলাকায় সম্পত্তিকর নির্ধারণ ও আদায়ের ক্ষেত্রে পুরোপুরি স্বচ্ছতা আনতে রাজ্য সরকার উদ্যোগী হচ্ছে।

এই উদ্দেশ্যে ১৯৯৩-এর রাজ্য পুর আইন এবং ২০০৬-এর পুর নিগম আইনের দু'টি সংশোধনী আজ রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে। এই সংশোধনের ফলে শহর মফস্বল এলাকায় সম্পত্তিকর নির্ধারণ প্রক্রিয়া অনেক বিজ্ঞানসম্মত ও প্রযুক্তি নির্ভর হয়ে উঠবে বলে সরকার পক্ষের দাবি। বিল দুটির উপর আলোচনা শেষে জবাবী ভাষণে পুর মন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, এই ব্যবস্থা রাজ্যের বাকি পুরসভা এলাকায় কলকাতার ধাঁচে ইউনিট এরিয়া অ্যাসেসমেন্ট চালু করার প্রথম ধাপ।

পাহাড়ের তিন পুরসভায় খুব শীঘ্রই নির্বাচন হবে বলে রাজ্য সরকার জানিয়েছে। পুরমন্ত্রী ফিরহাদ হাকিম আজ বিধানসভায় প্রশ্ন উত্তর পর্বে বলেন কালিম্পং, কাশিয়াং ও মিরিক পুরসভায় খুব শীঘ্রই ভোট গ্রহণের পরিকল্পনা করা হয়েছে। নির্বাচনের পরে সেখানকার নাগরিকরা আরও ভালো পরিষেবা পাবেন বলেও তিনি জানান।

উল্লেখ্য, এর আগে ২০১৭ সালে পাহাড়ের চার পুরসভায় ভোট নেওয়ার পরে মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলেও এই তিন পুরসভায় আর ভোট গ্রহণ করা হয়নি।

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের তৃণমূল কংগ্রেস কর্মী বিষ্ণুপদ মন্ডলের খুনের অভিযোগে পুলিশ প্রশান্ত মন্ডল নামে একজনকে গ্রেপ্তার করেছে।

তাকে আজ আদালতে তোলা হলে চার দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

উল্লেখ্য, তমলুক কৃষি সমবায় সমিতির ভোট পরবর্তী হিংসায় গতকাল নন্দীগ্রাম উত্তপ্ত হয়ে ওঠে। এক নম্বর ব্লকের জলপাই গ্রামে একদল দুষ্কৃতি, গতরাতে বিষ্ণুপদ মন্ডলের বাড়িতে চড়াও হয়। ভোজালি দিয়ে তাঁকে কোপানো হয় বলে অভিযোগ। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। বেধড়ক মারধোর করা হয় বিষ্ণুপদের ভাই গুরুপদ মন্ডলকেও।

ঘটনার প্রতিবাদে তৃণমূল কংগ্রেস আজ গড়চক্রবেড়িয়া, সোনাচূড়া, হাজরাকাট সহ বিভিন্ন জায়গায় পথ অবরোধ করে বিক্ষোভ দেখায়। দফায় দফায় প্রতিবাদ মিছিল'ও করা হয়। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

এই ঘটনায় বিজেপি জড়িত বলে শাসক দলের দাবী।

বিজেপির পক্ষ থেকে অবশ্য অভিযোগ অস্বীকার করে বলা হয়েছে, পারিবারিক দ্বন্দের জেরেই ওই খুনের ঘটনা।

মুর্শিদাবাদের ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের সাগরপাড়ার খয়েরতলা গ্রামে ভয়াবহ বিক্ষোভে তিনজনের মৃত্যুর ঘটনায় ঘটনাস্থলে তল্লাশিতে আসে বম্ব স্কোয়াডের দল। পুলিশের একাধিক আধিকারিকও ঘটনাস্থল খতিয়ে দেখে। তল্লাশিতে মৃত মামুন মোল্লার বাড়ি থেকে বেশ কিছু নমুনা সংগ্রহ করে নিয়ে যাওয়া হয়। এলাকায় অন্য কোথাও আরও বোমা মজুত আছে কি না তা খতিয়ে দেখতে বিক্ষোভের তীব্রতায় ভেঙে যাওয়া বাড়িটির ভেতর ছাড়াও সংলগ্ন এলাকাতেও ডিটেকশন মেশিন দিয়ে তল্লাশি করা হয়।

R G কর মেডিক্যাল কলেজে গত ৯ আগস্ট স্নাতকোত্তর ডাক্তারি ছাত্রীর ভয়াবহ ধর্ষণ ও খুনের ঘটনায় ওই ডাক্তার সহকর্মীর প্রতি সন্মান জানিয়ে "অভয়া WBDF স্কলারশিপ" একটি স্কলারশিপ প্রোগ্রাম চালু হচ্ছে। "ওয়েস্ট বেঙ্গল ডক্টরস ফোরাম"- WBDF-এর তরফে আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে একথা ঘোষণা করা হয়।

জাতীয় সিনেমা বলে আলাদা কোন পর্বে চলচ্চিত্র কে ভাগ করা যায় না। সব সিনেমাই জাতীয় সিনেমা। ৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ষষ্ঠ দিনে "ভারতের জাতীয় সিনেমা কি" শীর্ষক এক আলোচনা সভায় এই অভিমত প্রকাশ করেন বক্তারা। আলোচনায় অংশ নেন, সাংবাদিক গৌরী রামনারায়ণ, শৈবাল চট্টোপাধ্যায়, নাট্য ও সিনেমা ব্যক্তিত্ব সুমন মুখোপাধ্যায়, ফেরদৌসুল হাসান ও ও. পি. শ্রীবাস্তব।

পরে “ডিজিটাল যুগে স্বল্পদৈর্ঘ্যের ছবি ও তথ্যচিত্রের রমরমা” এই আলোচনায় অংশ
নেন প্রযোজক পরিচালক ও তথ্যচিত্র নির্মাতারা।

বাংলা, কোচবিহার ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। জম্মু তে আজ তারা
১৪ রানে জম্মু ও কাশ্মীরকে পরাজিত করেছে।

৫টি ম্যাচে জিতে বাংলা ৩৪ পয়েন্ট সংগ্রহ করে শেষ আটে পৌঁছেছে।

অন্যদিকে, সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে
বাংলা। বেঙ্গালুরুতে আজ প্রাক কোয়ার্টার ফাইনালে বাংলা তিন রানে চন্ডিগড়কে
হারিয়ে দিয়েছে।

প্রথমে ব্যাট করে বাংলা ৯ উইকেটে করেছিল ১৫৯ রান। করন লাল ৩৩, প্রদীপ্ত
প্রামাণিক ৩০, ঋত্বিক চ্যাটার্জি ২৮ রান করেন। মহম্মদ শামি ৩২ রানে অপরাজিত
থাকেন।

এরপর চন্ডিগড় এর ইনিংস ৯ উইকেটে ১৫৬ রানে শেষ হয়ে যায়। সায়ন ঘোষ
চারটি, কণিষ্ক শেঠ দুটি উইকেট নিয়েছেন। কোয়ার্টার ফাইনালে বাংলা, বরোদার
বিরুদ্ধে খেলবে।
